

টিকিটের মূল্যে বিশেষ ছাড় দেয়ার ঘোষণা কাতার এয়ারওয়েজের

- A Monitor Desk Report

Date: 23 April, 2024



ঢাকা: ভ্রমণপিপাসুদের জন্য ইউরোপ-আমেরিকা রুটের উড়োজাহাজের টিকিটে বিশেষ ভাড়ার ঘোষণা দিয়েছে মধ্যপ্রাচ্যভিত্তিক উড়োজাহাজ সংস্থা কাতার এয়ারওয়েজ। তবে শর্ত হিসেবে তারা জানিয়েছে, ভ্রমণের কমপক্ষে ৩০ থেকে ৬০ দিন আগে টিকিট কাটতে হবে।

রবিবার (২১ এপ্রিল) কাতার এয়ারওয়েজ জানায়, ছাড় পেতে যাত্রীকে ২০২৪ সালের ২৪ এপ্রিলের মধ্যে টিকিট কিনতে হবে। সেই টিকিটে ভ্রমণ করা যাবে এ বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত।

তারা জানায়, আকাশপথের যাত্রাকে আরও সুখকর করতে যাত্রীদের জন্য এই বিশেষ ভাড়া ঘোষণা করা হয়েছে। যাত্রীরা ইকোনমি ক্লাসে ইউরোপ, মধ্যপ্রাচ্য, যুক্তরাষ্ট্রসহ বিশ্বের অনেকগুলো সর্বনিম্ন ৮৭ হাজার ৬৮৩ টাকায় ভ্রমণ করতে পারবেন। তবে শুধু কাতার এয়ারওয়েজের ওয়েবসাইট এবং অ্যাপের মাধ্যমেই টিকিট কাটা যাবে।

এদিকে ছাড় দিলেও টিকিটের সঙ্গে কিছু শর্ত জুড়ে দিয়েছে কাতার এয়ারওয়েজ। তারা জানায়, বিভিন্ন উৎসবসহ ব্ল্যাকআউটের দিনগুলোতে অফারের টিকিট পাওয়া যাবে না। এছাড়া শিশু ও নবজাতকের ভাড়ার ক্ষেত্রে এই ছাড় প্রযোজ্য হবে না বলেও জানিয়েছে কাতার এয়ারওয়েজ।

-B